১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)
বিদ্যুৎ ভবন (লেভেল- ১১), ১ আব্দুল গনি রোড, রমনা, ঢাকা
www.sreda.gov.bd

বিষয়ঃ দেশব্যাপী জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ ২০১৫ পালনের লক্ষ্যে ৭ই অক্টোবর তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এমপি মহোদয়ের সভাপতিত্বে গত ০৭ই অক্টোবর রোজ বুধবার সকাল ১১.৩০ ঘটিকায় দেশব্যাপী জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ ২০১৫ পালনের লক্ষ্যে সচিব, বিদ্যুৎ বিভাগ, অতিরিক্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, চেয়ারম্যান, স্রেডা, চেয়ারম্যান, পেট্রোবাংলা এবং বিদ্যুৎ ও জ্বালানি বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বিদ্যুৎ বিভাগ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বিভিন্ন ইউটিলিটির উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন কমিটির আহবায়ক এবং সদস্যদের উপস্থিতিতে একটি সভা বিদ্যুৎ ভবনস্থ বিজয় হলে (১৪ তলা, বিদ্যুৎ ভবন, ১নং আব্দুল গনি রোড, রমনা, ঢাকা) অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের বিবরণ পরিশিষ্ট "ক"- তে উপস্থাপন করা হল।

২। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে অবহিত করেন যে, বাংলাদেশ ইতোমধ্যে বিদ্যুৎ ও জ্বালানি খাতে ব্যাপক সফলতা অর্জন করেছে। এ সফলতার ধারাবাহিকতা এবং বিদ্যুৎ ও জ্বালানি খাতের সাফল্য জনগণের কাছে পৌছে দেওয়ার লক্ষ্যে বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ ২০১৫ উদযাপন অতীব গুরুত্বপূর্ণ। এ বিষয়ে সচিব, বিদ্যুৎ বিভাগ উপস্থিত সদস্যদের অবহিত করেন যে, বিদ্যুৎ ও জ্বালানি খাতের সরকারি সেবা প্রদানে সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচি, বিদ্যুৎ ও জ্বালানি কার্যক্রমে উন্নত প্রযুক্তির ব্যবহার, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন সংস্থায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে উদ্দীপনা সৃষ্টি, ইত্যাদি বিষয়সমূহকে সামনে রেখে বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ এবং বিদ্যুৎ ও জ্বালানি মেলার আয়োজন করা হচ্ছে। এ বছরের বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ আরও বৃহত্তর পরিসরে এবং বিভিন্ন কার্যক্রমে ব্যতিক্রম ও উদ্ভাবনের স্বাক্ষর রেখে বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ পালনের জন্য সকলের সহযোগিতা ও দৃষ্টি আকর্ষণ করেন। অতঃপর স্রেডার সদস্য (যুগ্ম- সচিব) প্রশাসন, পাওয়ার পয়েন্ট উপস্থাপনের মাধ্যমে বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ ২০১৫ এর কার্যপত্র সভায় উপস্থপন করেন।

৩। সভায় কার্যপত্র উপস্থাপন কালে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

ক্রমিক নং	কার্যক্রম	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহের উদ্বোধন	মহামান্য রাষ্ট্রপতি জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ ২০১৫ এর উদ্বোধন বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের হল অব ফেইমে আগামী ১০ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ তারিখ বিকেল ৩.০০ ঘটিকায় উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এটি নিশ্চিতকরণসহ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য একটি ডি.ও. পত্র বিদ্যুৎ বিভাগের সচিবের স্বাক্ষরে মহামান্য রাষ্ট্রপতির কার্যালয়ে প্রেরণ করা হবে। উদ্বোধনী অনুষ্ঠানে বিভিন্ন দূতাবাসের কূটনীতিকগণ, কান্ট্রি রিপ্রেজেন্টিটিভ, সংশ্লিষ্ট দেশি বিদেশি দক্ষ ও অভিজ্ঞ কোম্পানিগুলোকে আমন্ত্রণ জানানো হবে।	১. বিদ্যুৎ বিভাগ। ২. জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। ৩. স্রেডা।

ক্রমিক নং	কার্যক্রম	সিদ্ধান্ত	দায়িত্ব
০২	প্রতিপাদ্য বিষয় নির্বাচন	গত বছর বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহের প্রতিপাদ্য বিষয় ছিল "জ্বলছে আলো চলছে দেশ, এগিয়ে যাচ্ছে বাংলাদেশ"। এ বছরও বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ে ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানী হতে প্রাপ্ত একাধিক প্রতিপাদ্য বিষয় হতে একটি বিষয় নির্বাচন করা হবে।	১. ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানী। ২. পাওয়ার সেল।
০৩	বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহের লোগো নির্বাচন	এ বছর বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ে ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানী হতে প্রাপ্ত একাধিক লোগো হতে একটি লোগো নির্বাচন করা হবে।	১. ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানী। ২. পাওয়ার সেল।
০৪	বিভিন্ন কমিটি/ উপ- কমিটি গঠন	বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ ২০১৫ পালনে ৭ (সাত) সদস্যের একটি সাংগঠনিক (অরগানাইজিং) কমিটি থাকবে। কমিটির আহবায়ক, সদস্য ও সদস্য সচিব নিম্নরূপ: ১. ড. আহমদ কায়কাউস, অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ – আহবায়ক, ২. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ - যুগ্ম- আহবায়ক ৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ – সদস্য ৪. অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ –সদস্য ৫. অতিরিক্ত সচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ –সদস্য ৬. অতিরিক্ত সচিব (উন্নয়ন ১ ও ৩), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ – সদস্য ৭. সদস্য (যুগ্মসচিব), প্রশাসন, স্রেডা - সদস্য সচিব তাছাড়া, সাংস্কৃতিক আয়োজন কমিটি, নিমন্ত্রণপত্র বিলি কমিটি, ক্রেস্ট ও সার্টিফিকেট প্রণয়ন কমিটি, সেমিনার আয়োজন কমিটি, বাজেট কমিটি, সেরা স্টল মূল্যায়ন কমিটি, অভ্যর্থনা কমিটি ও অন্যান্য প্রযোজ্য কমিটিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে একজন উপযুক্ত কর্মকর্তা মনোনয়নপূর্বক জরুরী ভিত্তিতে বিদ্যুৎ বিভাগকে অবহিত করতে হবে।	১. বিদ্যুৎ বিভাগ। ২. জ্বালানি বিভাগ।
০৫	পুরস্কার বিতরণ	পূর্বে বিদ্যুৎ বিভাগ কর্তৃক ৯টি ক্যাটাগরিতে ৫৫ টি পুরস্কার দেওয়া হতো। এ বছর জ্বালানি বিভাগ সম্পৃক্ত হওয়াতে পুরস্কারের সংখ্যা বাড়বে। জ্বালানি বিভাগ পুরস্কারের জন্য যোগ্য শ্রেষ্ঠ ক্যাটাগরি/প্রতিষ্ঠান/ব্যক্তির নাম নির্বাচনপূর্বক আগামী ২৬ নভেম্বরের মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। পুরস্কার বিতরণে বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ পালন নির্দেশিকায় বর্নিত নির্দেশাবলী অনুসরণ করতে হবে।	১. বিদ্যুৎ বিভাগ। ২. জ্বালানি বিভাগ। ৩. এ বিষয়ক কমিটি।
০৬	পুরস্কার ও সনদপত্র	মহামান্য রাষ্ট্রপতি ১০ টি পুরস্কার ও সনদপত্র প্রদান করবেন।	১. এ বিষয়ক কমিটি।

ক্রমিক নং	কার্যক্রম	সিদ্ধান্ত	দায়িত্ব
০৭	উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের অতিথি নির্বাচন।	উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতি ও বিশেষ অতিথি এবং সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথি এবং সভাপতি পূর্ববর্তী বছরের ন্যায় একই থাকবে। বিভিন্ন দূতাবাসের কূটনীতিক, কান্ট্রি রিপ্রেজেন্টিটিভ বিশেষ করে চীন, জাপান, স্পেন, যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যসহ অন্যান্য দেশের প্রতিনিধিদের আমন্ত্রণ জানানো হবে।	১. বিদ্যুৎ বিভাগ। ২. জ্বালানি বিভাগ।
০৮	ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানী নির্বাচন	গত বছরের ইভেন্ট ম্যানেজমেন্ট দায়িত্ব পালনকারী কোম্পানী বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহের বিভিন্ন কার্যক্রম দক্ষতার সাথে সম্পন্ন করায় এ বছরও উক্ত কোম্পানি ইভেন্ট ম্যানেজমেন্টের দায়িত্ব পালন করবে।	১. পাওয়ার সেল।
০৯	ভিডিও ক্লিপ প্রদর্শন	দায়িত্বপ্রাপ্ত ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি পাওয়ার সেলের তত্ত্বাবধানে বিদ্যুৎ ও জ্বালানি খাতের অর্জন বিষয়ক একটি ভিডিও ক্লিপ (তথ্য চিত্র) বঙ্গবন্ধু সম্মেলন কেন্দ্রের হল অব ফেইম- এ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবে। নভেম্বরের ২৫ তারিখের মধ্যে ভিডিও ক্লিপ চূড়ান্ত করতে হবে।	১. পাওয়ার সেল। ২. ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি।
১০	সেমিনার	এ বছর মোট তিনটি সেমিনার অনুষ্ঠিত হবে। বিদ্যুৎ ও জ্বালানি বিভাগ পৃথকভাবে একটি করে এবং স্রেডা নবায়নযোগ্য জ্বালানি/ জ্বালানি দক্ষতার উপর একটি সেমিনারের আয়োজন করবে।	১. এ বিষয়ক কমিটি।
১১	বিদ্যুৎ ও জ্বালানি মেলা	আগামী ১০-১২ ডিসেম্বর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের প্রাঙ্গণে বিদ্যুৎ ও জ্বালানি মেলা অনুষ্ঠিত হবে। মহামান্য রাষ্ট্রপতি উক্ত মেলার উদ্বোধনে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। পাওয়ার সেল মেলায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহের অংশগ্রহণ নিশ্চিতকরণ বিষয়ে একাধিক আকর্ষণীয় বিজ্ঞপ্তি বহুল প্রচারিত ৫টি জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রকাশ করবে। পূর্ববর্তী বছরে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসহ বিস্ফোরক পরিদপ্তর, লাইসেন্সিং কর্তৃপক্ষ, ব্যাংক, বোর্ড অব ইনভেস্টমেন্ট এবং সংশ্লিষ্ট দেশি বিদেশী কোম্পানীগুলোকে মেলায় আমন্ত্রণ জানানো হবে।	১. এ বিষয়ক কমিটি। ২. পাওয়ার সেল। ৩. ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি।
১২	বিদ্যুৎ মেলার স্টল বরাদ্দের অগ্রগতি	এ বিষয়ক কমিটি স্টল বরাদ্দে কাজ করবে। জ্বালানি বিভাগ হতে এ কমিটিতে একজন সদস্য অন্তর্ভুক্ত করা হবে।	১. এ বিষয়ক কমিটি।
১৩	সুভ্যেনির ও ক্রোড়পত্র প্রকাশ	বিদ্যুৎ ও জ্বালানি বিভাগ যৌথ উদ্যোগে ২০০০ সুভ্যেনির ও ১০ টি জাতীয় দৈনিকে ক্রোড়পত্র প্রকাশ করবে। এ বিষয়ক গঠিত কমিটিতে জ্বালানি বিভাগ হতে একজন সদস্য অন্তর্ভুক্ত করা হবে।	১. এ বিষয়ক কমিটি।
১৪	নিরাপত্তা বিষয়ক	মহামান্য রাষ্ট্রপতির কার্যালয়ের নির্দেশনা মোতাবেক এসএসএফ এবং পিজিআর এর সাথে আলোচনার প্রেক্ষিতে অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তা কার্যক্রম গ্রহণ করা হবে।	১. রাষ্ট্রপতির কার্যালয়। ২. বিদ্যুৎ বিভাগ। ৩. জ্বালানি বিভাগ।

ক্রমিক নং	কার্যক্রম	সিদ্ধান্ত	দায়িত্ব
১৫	গীতি নাট্য পরিবেশন	বিদ্যুৎ ও জ্বালানি খাতের সাশ্রয় বিষয়ে ৮-১২ মিনিটের গীতিনাট্য উদ্বোধনী অনুষ্ঠানে পরিবেশন করা হবে। গীতিনাট্যটি ভিডিও করে বিভিন্ন টিভি চ্যানেলে প্রচারের ব্যবস্থা করা হবে।	১. পাওয়ার সেল। ২. জনাব সেলিম মাহমুদ সঙ্গীত পরিচালক। ৩. ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি।
১৬	আমন্ত্রণপত্র মুদ্রণ ও বিতরণ	ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানী উদ্বোধনী এবং সমাপনী অনুষ্ঠানের আমন্ত্রণপত্রের খসড়া প্রস্তুত করে তার অনুমোদন গ্রহণ করবে এবং আগামী ২২ নভেম্বর, ২০১৫ খ্রি: তারিখের মধ্যে ৩৫০০টি নিমন্ত্রণ পত্রের মুদ্রণের কাজ শেষ করবে। এ বিষয়ক কমিটি বিদ্যুৎ বিভাগ এবং জ্বালানি বিভাগের অনুমোদিত অতিথিদের তালিকা অনুযায়ী তা কমপক্ষে এক সপ্তাহ পূর্বে আমন্ত্রণপত্র বিতরণের ব্যবস্থা করবে।	১. বিদ্যুৎ বিভাগ। ২. জ্বালানি বিভাগ। ৩. এ বিষয়ক কমিটি।
১৭	ঢাকার বাইরে বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠান	নির্দেশিকায় বর্ণিত কর্মসূচি অনুযায়ী পূর্ববর্তী বছরের ন্যায় এ বছরও বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ বিদ্যুৎ ও জ্বালানি বিভাগের আওতাধীন বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে উদযাপন করা হবে। স্ব-স্ব ইউটিলিটির অর্থায়নে এটি বাস্তবায়ন করা হবে।	১. বিদ্যুৎ বিভাগ। ২. জ্বালানি বিভাগ। ৩. মাঠ পর্যায়ের সকল ইউটিলিটি।
১৮	বাজেট ও অর্থায়ন	বাজেট বিষয়ক গঠিত কমিটি গত বছরের বাজেট ও ব্যয়ের অভিজ্ঞতার আলোকে এ বছরের বাজেট ও ব্যয়ের পরিকল্পনা করবে। জ্বালানি ও খনিজ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) বাজেট ও অর্থায়ন কমিটির আহবায়কের দায়িত্ব পালন করবেন।	১. এ বিষয়ক কমিটি।
১৯	প্রধান অতিথি এবং বিশেষ অতিথিবৃন্দদের অভ্যর্থনা জ্ঞাপন	এ বিষয়ক গঠিত কমিটি প্রধান অতিথি এবং বিশেষ অতিথিবৃন্দদের অভ্যর্থনা জ্ঞাপন করবে।	১. এ বিষয়ক কমিটি।
২০	ভেন্যু সজ্জিতকরণ ও সাউন্ড সিস্টেম	ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানী প্রধান ভেন্যু, উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের গেইট, মেলার স্টল ইত্যাদি সুসজ্জিত করবে। তাছাড়া ব্যাক ড্রপ, লাইট,সাউন্ড সিস্টেম স্থাপন ও তা সার্বক্ষণিক চালু রাখার ব্যবস্থা গ্রহণ করবেন।	১. ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি।
২১	জাতীয় সংগীত পরিবেশন	উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় সংগীতের ২ চরণ (২৯ সেকেন্ড) বাজানোর ব্যবস্থা গ্রহণ করা হবে।	১. ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি। ২. কর্তৃপক্ষ, বঙ্গবন্ধু আর্ন্তজাতিক সম্মেলন কেন্দ্র।

ক্রমিক নং	কার্যক্রম	সিদ্ধান্ত	দায়িত্ব
২২	বক্তৃতা/বাণী প্রস্তুত	উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথি ও সভাপতির প্রদেয় বক্তৃতা/বাণীর খসড়া পরিচালক (বাণিজ্যিক) পাওয়ার সেল প্রণয়নের মূল দায়িত্ব পালন করবেন। তবে বক্তৃতা ও বাণীতে ভিন্নতা আনয়ন ও বিভিন্ন আঙ্গিকে ফুটিয়ে তোলার লক্ষ্যে বিভিন্ন দক্ষ ও অভিজ্ঞ ব্যক্তিকে বাণী লেখার দায়িত্ব প্রদান করতে হবে।	১. পরিচালক (বানিজ্যিক), পাওয়ার সেল। ২. পরিচালক (জনসংযোগ), বিউবো। ৩. জনাব দিপায়ন পাল।
২৩	ঘোষক/ঘোষিকা এবং পবিত্র কোরআন তেলোয়াতকারীর তালিকা	ঘোষক/ঘোষিকা এবং পবিত্র কোরআন তেলোয়াতকারীর তালিকা প্রস্তুত করা হবে। এ ক্ষেত্রে বাংলা ও ইংরেজি দুটো ভাষারই স্বনামধন্যদের মধ্য হতে ঘোষক/ঘোষিকা নির্বাচন করা হবে।	১. পাওয়ার সেল। ২. ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি।
২৪	আসন সংখ্যা ও বিন্যাস	অনুষ্ঠানসমূহে ভিভিআইপি, ভিআইপি, কূটনীতিক, দূতাবাস প্রতিনিধি, মিডিয়া ও সাংবাদিক এবং পুরস্কার প্রাপ্তদের আসন সংরক্ষিত থাকবে। রাষ্ট্রপতির কার্যালয়ের নির্দেশনা মোতাবেক আসন বিন্যাস ও ব্যবস্থাপনা করা হবে।	১. ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি।
২৫	টি- শার্ট, ক্যাপ ও র‍্যালী	বিগত বছরে ৮০০০ টি- শার্ট এবং ৮০০০ ক্যাপ বিতরণ করা হয়েছিল। তবে এ বছর জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে টি- শার্ট ও ক্যাপের চাহিদা পাওয়ার পর বিতরণের প্রকৃত সংখ্যা নির্ধারণ করা হবে। তাছাড়া, স্কাউটদের অংশগ্রহণের মাধ্যমে একটি সাইকেল র‍্যালীর ব্যবস্থা করা হবে।	১. ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি।
২৬	পোস্টার, বিলবোর্ড মুদ্রণ ও বিতরণ	ক) উন্নতমানের ডিজাইন সম্বলিত ৫০,০০০ পোস্টার মুদ্রণপূর্বক বিভিন্ন ইউটিলিটিকে সরবরাহ করা হবে, খ) বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ী লেখা সম্বলিত স্বচ্ছ স্টিকার বিদ্যুৎ ও জ্বালানি গ্রাহকের মধ্যে বিতরণ করা হবে, গ) বিদ্যুৎ ও জ্বালানি খাতের সাফল্য নিয়ে বড় ধরনের বিলবোর্ড তৈরি করে বিদ্যুৎ ভবন, পেট্রোবাংলা ভবন এবং শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে স্থাপন করা হবে। স্ব- স্ব প্রতিষ্ঠান তাদের সাফল্য ও অর্জনের উপর বিলবোর্ড তৈরি ও স্থাপনার দায়িত্ব পালন করবে।	১. ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি। ২. ডিপিডিসি ৩. ডেসকো ৪. তিতাস গ্যাস ৫. পিডিবি ৬. পিজিসিবি ৭. ইজিসিবি ৮. ওজোপাডিকো ইত্যাদি।
২৭	সনাক্তকারী	প্রত্যেক ইউটিলিটি হতে তাঁদের প্রতিনিধি সনাক্তের জন্য একজন মনোনয়নকারীর নাম ২৬ নভেম্বরের মধ্যে প্রেরণ করতে হবে।	১. প্রত্যেক ইউটিলিটি।
২৮	সড়কদ্বীপ সজ্জিতকরণ	দায়িত্বপ্রাপ্ত ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানী বিদ্যুৎ ও জ্বালানি বিভাগের সাথে আলোচনাপূর্বক এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবে।	১. ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানী।

ক্রমিক নং	কার্যক্রম	সিদ্ধান্ত	দায়িত্ব
২৯	টক- শো	পাওয়ার সেলের সহযোগিতায় দায়িত্বপ্রাপ্ত ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানী বিদ্যুৎ ও জ্বালানি বিভাগের সাথে আলোচনাপূর্বক বিটিভি সহ কমপক্ষে ৫- ৭টি টিভি চ্যানেলে টক –শো আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে। ডিজি, পাওয়ার সেল মাননীয় প্রতিমন্ত্রী সাথে আলোচনা করে টক- শোর বিষয় নির্ধারণ করবেন।	১. পাওয়ার সেল। ২. ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি।
৩০	প্রেস রিলিজ/ ব্রিফিং	সিনিয়র তথ্য অফিসার, বিদ্যুৎ বিভাগ ও জনসংযোগ কর্মকর্তা, বিউবো এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	১. সিনিয়র তথ্য অফিসার,বিদ্যুৎ বিভাগ। ২. পরিচালক (জনসংযোগ), বিউবো।
৩১	বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহের প্রচার	ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানী বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহের প্রচারে ব্যাপক কার্যক্রম গ্রহণ করবে। সাধারণ জনগণের কাছে বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহের বার্তা পৌছে দিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।	১. পাওয়ার সেল। ২. ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি।
৩২	আপ্যায়ন	উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে ভিভিআইপি, ভিআইপি ও কূটনীতিকদের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করা হবে। এ কার্যক্রমে বিশৃঙ্খলা এড়ানোর লক্ষ্যে একটি সুনির্দিষ্ট পরিকল্পনা করে তা বাস্তবায়নের ব্যবস্থা করতে হবে।	১. পাওয়ার সেল। ২. ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি।
৩৩	সমাপনী ও সাংস্কৃতিক অনুষ্ঠান	বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সমাপনী, সাংস্কৃতিক ও অবশিষ্ট পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। সমাপনী অনুষ্ঠান ১ থেকে ১.৫ ঘন্টার হবে। সমাপনী অনুষ্ঠান ১২ ডিসেম্বর ২০১৫ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।	১. বিদ্যুৎ বিভাগ। ২. জ্বালানি বিভাগ। ৩. ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি। ৪.পাওয়ার সেল।

০৪। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ পালনের জন্য সকল কমিটির সদস্যদের সহযোগিতা কামনা এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নসরুল হামিদ)
প্রতিমন্ত্রী
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়